

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা ডিসেম্বর/২০২২ মাসের কার্যবিবরণী

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	১৯ ডিসেম্বর, ২০২২ খ্রি.
সভার সময়	সময়: বেলা ১১:১৫ টা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী												
১	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ : সভাপতি কর্তৃক গত ১২ অক্টোবর, ২০২২ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করার বিষয়ে আলোচনা হয়।	১। গত ১২ অক্টোবর, ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী												
২	বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার: বিগত ১৬ আগস্ট, ২০২২ ও ১২ অক্টোবর, ২০২২ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ: <table border="1"> <thead> <tr> <th>মাসের নাম</th> <th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th> <th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th> <th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th> </tr> </thead> <tbody> <tr> <td>আগস্ট/২২</td> <td>৫৩</td> <td>৫০</td> <td>৯৪.৩৩%</td> </tr> <tr> <td>অক্টোবর/২২</td> <td>৩৭</td> <td>৩৫</td> <td>৯৪.৫৯%</td> </tr> </tbody> </table>	মাসের নাম	গৃহীত সিদ্ধান্ত সংখ্যা	বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়ন হার	আগস্ট/২২	৫৩	৫০	৯৪.৩৩%	অক্টোবর/২২	৩৭	৩৫	৯৪.৫৯%	১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।	বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ
মাসের নাম	গৃহীত সিদ্ধান্ত সংখ্যা	বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়ন হার												
আগস্ট/২২	৫৩	৫০	৯৪.৩৩%												
অক্টোবর/২২	৩৭	৩৫	৯৪.৫৯%												
	শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।														

৩	<p>আইএমইডি: রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে আগের তুলনায় বর্তমানে রড, সিমেন্ট, বালু, পাথরসহ প্রয়োজনীয় সকল উপাদানের দাম বেড়ে যাওয়ায় কাজের গতি কমে যাচ্ছে মর্মে জেলা প্রশাসক, রাজশাহী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী গণপূর্ত সার্কেল, রাজশাহী ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, রাজশাহী জোন সভায় অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ক আইনগুলো যুগোপযোগী করার জন্য সভায় আলোচনা করা হয়। এ সমস্যা হতে উত্তরণের জন্য সভায় উপস্থিত পরিচালক, আইএমইডি এর দৃষ্টি আকর্ষণ করা হয়। পরিচালক, আইএমইডি বিষয়টি নিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করবেন মর্মে সভাকে অবহিত করেন। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সৃষ্ট সমস্যা সমাধানের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।</p>	<p>১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে আগের তুলনায় বর্তমানে রড, সিমেন্ট, বালু, পাথরসহ প্রয়োজনীয় সকল উপাদানের দাম বেড়ে যাওয়ায় সৃষ্ট সমস্যা উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সমাধান করতে হবে।</p>	<p>১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা ২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ</p>
---	--	---	---

<p>8</p>	<p>স্বাস্থ্য বিভাগ : করোনা সংক্রান্ত: পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতি আগের চেয়ে এখন অনেক ভালো। কোভিড-১৯ এর প্রাদুর্ভাব তেমন নেই। কোভিড আক্রান্ত রোগীর হার খুবই কম। রাজশাহী বিভাগে মোট জনসংখ্যা ২,০৩,৫৩,১১৯ জন। এই জনসংখ্যার প্রায় ৮০% কে কোভিড-১৯ ভ্যাকসিনেশনের ১ম ডোজ প্রদান করা হয়েছে। ৭৭% কে ২য় ডোজ প্রদান করা হয়েছে। ৪৭% কে বুস্টার ডোজ প্রদান করা হয়েছে। ভ্যাকসিনের আরো একটি নতুন ডোজ সংযোজিত হয়েছে। সেটা হচ্ছে ৪র্থ ডোজ। যাদের বুস্টার নেয়ার ৪ মাস অতিবাহিত হয়েছে বিশেষ করে বয়স্কদের, তাদেরকে ২০/১২/২০২২ তারিখ হতে প্রাথমিকভাবে ৪র্থ ডোজ ভ্যাকসিন প্রদান করা হবে। মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদেরকে ১ম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৩০,০০,০০০। ২য় ডোজ প্রদানও সম্পন্ন হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান শুরু করা হয়েছে ৩০,৬৬,০০০। রাজশাহী সিটি কর্পোরেশনেও ভ্যাকসিন প্রদান করা হয়েছে। তবে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>ডেঙ্গু সংক্রান্ত: গত ০১/০১/২০২২ হতে ২০/১২/২০২২ পর্যন্ত রাজশাহী বিভাগে ডেঙ্গু রোগে মোট আক্রান্ত হয়েছে ১৬৭৩ জন। তন্মধ্যে পাবনা ও বগুড়া জেলায় ২ জন রোগীর মৃত্যু হয়েছে। ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা ১৬৬৬ জন। বর্তমানে ৭ জন রোগী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে। তবে ডেঙ্গু পরিস্থিতি আগের তুলনায় এখন অনেক ভালো। রাজশাহী সিটিতে এডিস মশার লার্ভা সার্ভে রিপোর্টও সন্তোষজনক। ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে।</p> <p>ডায়রিয়া ও নিমোনিয়া সংক্রান্ত: শীতের কারণে শিশুদের ডায়রিয়া, নিউমোনিয়া রোগের প্রকোপ দেখা দিয়েছে। এ সমস্ত রোগের প্রকোপ মোকাবেলায় জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালগুলো প্রস্তুত রাখা হয়েছে।</p> <p>অন্যান্য: পরিচালক(স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ও সিভিল সার্জন(সকল), রাজশাহী বিভাগ এর সাথে পরামর্শক্রমে বেসরকারি সংস্থা (NGO) কে বিভিন্ন জেলায় সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং কলকারখানায় Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েঞ্জা টিকা প্রদান কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>১। সুষ্ঠুভাবে ভ্যাকসিন প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। ৩। ডায়রিয়া, নিউমোনিয়া রোগের প্রকোপ মোকাবেলায় বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালগুলো প্রস্তুত রাখতে হবে। ৪। পরিচালক(স্বাস্থ্য) ও সিভিল সার্জনদের সাথে পরামর্শক্রমে বেসরকারি সংস্থা (NGO) কে বিভিন্ন জেলায় সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং কলকারখানায় Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েঞ্জা টিকা প্রদান কার্যক্রমের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।</p>	<p>১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ৪। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী ৫। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী</p>
----------	---	--	---

৫	<p>খাদ্য বিভাগ: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, রাজশাহী বিভাগে আমন/২০২২-২০২৩ ধান ও চাল সংগ্রহ কার্যক্রম গত ১৭/১১/২০২২ তারিখ হতে শুরু হয়েছে। আমন সংগ্রহ/২০২২-২০২৩ এ রাজশাহী বিভাগের চাল সংগ্রহের মূল লক্ষ্যমাত্রা = ১০৫২৩৭ মে. টন। অদ্য পর্যন্ত মিলারদের সহিত চুক্তি সম্পাদন হয়েছে = ৩১১৭.৬৪০ মে. টন। এ বিভাগের ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা = ৪৫৭৬৪ মে. টন। এছাড়াও জি টু জি এর মাধ্যমে বিদেশ থেকে চাল আমদানি করা হচ্ছে। কৃষকের অ্যাপের বাইরে উপজেলায় লটারি করে ধান সংগ্রহ দ্রুত শুরু ও শেষ করা এবং কৃষকের অ্যাপভুক্ত উপজেলায় রেজিস্ট্রেশন দ্রুত সম্পন্ন করে সিস্টেমে লটারি করে কৃষক নির্বাচকপূর্বক দ্রুত ধান সংগ্রহ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p> <p>খাদ্যবান্ধব কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছরে (সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর এবং মার্চ ও এপ্রিল) রাজশাহী বিভাগে ৭৭৬৬০৭টি সুবিধাভোগী পরিবারের মধ্যে ভোক্তা প্রতি মাসে ৩০ কেজি (প্রতি কেজি ১০ টাকা) করে চাল সরবরাহ করা হয়। চলতি অর্থ বছর ২০২২-২০২৩ এ সেপ্টেম্বর/২০২২ হতে খাদ্যবান্ধব কর্মসূচিতে ৪৮৩২০০.৬৪৮ মে. টন চাল বিক্রি করা হয়েছে। কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে।</p> <p>সংগ্রহ কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে। কোনো অনিয়ম পাওয়া গেলে দ্রুত যথাযথ প্রশাসনিক/আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।</p>	<p>১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতমালা, ২০১৭ অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</p> <p>২। খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।</p> <p>৩। ধান/চাল/গম অর্থাৎ খাদ্য সংগ্রহে অনিয়ম পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৪। কৃষকের অ্যাপের বাইরে উপজেলায় লটারি করে ধান সংগ্রহ এবং কৃষকের অ্যাপভুক্ত উপজেলায় রেজিস্ট্রেশন দ্রুত সম্পন্ন করে সিস্টেমে লটারি করে কৃষক নির্বাচকপূর্বক দ্রুত ধান সংগ্রহ করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ</p> <p>২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী</p>
---	--	--	---

<p>৬</p>	<p>কৃষি বিভাগ: অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, রাজশাহী বিভাগে আমন ধানের ফলন প্রত্যাশার চেয়েও বেশি হয়েছে। রাজশাহী অঞ্চলে ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, নিরাপদ রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে কৃষককে উৎসাহিত করার কার্যক্রম চলমান। লাভজনক উচ্চমূল্য ফসল যেমন: মাল্টা, কমলা ও লেবু বাগানের প্রদর্শনী বাস্তবায়ন, মিষ্টি আলু, কচু এবং ড্রাগন ও পৈয়ারার চাষাবাদ হচ্ছে। লাভজনক ফসল হওয়ায় পৈয়াজের আবাদ দিনদিন বৃদ্ধি পাচ্ছে। রবি/২০২২-২৩ মৌসুমে পৈয়াজ আবাদের লক্ষ্যমাত্রা ৩২৩৩৭ হেক্টর এবং এ পর্যন্ত অর্জিত ৮৮৯৯ হেক্টর। আবাদ চলমান রয়েছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, ধান এর পাশাপাশি বগুড়া অঞ্চলে প্রচুর পরিমাণে লিচু, আম, কাঁঠাল, পৈয়ারা, কুল, পেঁপে, লেবুর বাগান গড়ে উঠেছে। ফল উৎপাদনে এ অঞ্চলে একটি বিশেষ ভূমিকা রয়েছে। বিশেষ করে মধুফল হিসেবে পরিচিত লিচু উৎপাদনে পাবনা জেলা দেশের শীর্ষ স্থানে রয়েছে। পাবনা জেলার লিচু প্রচুর পরিমাণে রপ্তানি হয়ে থাকে। আম, কাঁঠাল, পৈয়ারা, কুল, ড্রাগন ফ্রুট ও লেবু উৎপাদনের ক্ষেত্রেও এ অঞ্চল বিশেষ অবদান রেখে চলেছে। অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে খরিপ/ ২০২২-২৩ মৌসুমে উফশী আউশ ধান, গ্রীষ্মকালীন পৈয়াজ ও উফশী রোপা আমন ধান মাসকলাই ফসলের অনুকূলে ৯৪২৭১ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। রবি/ ২০২২-২৩ মৌসুমে গম, ভুট্টা, সরিষা ও বোরোসহ অন্যান্য ফসলে ৩,৯১,৪৪০ জনের মধ্যে ১,৪৮,৬৬৫ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, ইতিপূর্বেই নীতিমালা অনুসারে ২০২২-২০২৩ অর্থ বছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আমন মৌসুমে বগুড়া, সিরাজগঞ্জ জেলায় মোট ৯,০০০ জনকে ১ বিঘা জমি চাষের জন্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। এছাড়াও খরিপ-২ মৌসুমে মাসকলাই উৎপাদন এর লক্ষ্যে শুধুমাত্র বগুড়া, জয়পুরহাট, পাবনা ও সিরাজগঞ্জ জেলায় মোট-১০,০৩০ জন কৃষককে ১ বিঘা জমি আবাদের জন্য অনুরূপ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। প্রণোদনা নীতিমালা অনুসারে প্রয়োজনীয় খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। নীতিমালা অনুসারে কৃষকদের মাঝে কৃষি ঋণ বিতরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>১। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে হবে। ২। কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ অব্যাহত রাখতে হবে। ৩। নীতিমালা অনুসারে কৃষকদের মাঝে কৃষি ঋণ বিতরণ করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল</p>
<p>৭</p>	<p>গণপূর্ত বিভাগ: অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, আগামী ২৯ ডিসেম্বর ২০২২ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশে ৫০টি মডেল মসজিদ উদ্বোধন করবেন। এর মধ্যে রাজশাহী বিভাগের ১১টি মসজিদ রয়েছে। এছাড়াও বঙ্গবন্ধু নভোথিয়েটার প্রকল্পের কাজ ফিজিক্যালী প্রায় শেষ পর্যায়ে এসেছে। অভ্যন্তরীণ কিছু কাজ বাদ আছে, সে কাজগুলো সমাপ্ত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।</p>	<p>১। বঙ্গবন্ধু নভোথিয়েটার প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক, রাজশাহী ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী</p>

৮	<p>বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা): সহকারী পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী জানান যে, দেশে বেসরকারি খাতে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ আকৃষ্টকরণ, বিনিয়োগে সহায়তা প্রদান এবং বিনিয়োগ পরিবেশ উন্নয়নে প্রধান সংস্থা হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে গঠিত গর্ভনিং বোর্ডের সুযোগ্য পরিচালনায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) নিরলসভাবে কাজ করে আসছে। মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের মধ্যে ৯ম উদ্যোগ ‘বিনিয়োগ বিকাশ’- এ বিডা অগ্রণী ভূমিকা পালন করছে। ২০৪১ সালে উন্নত বাংলাদেশ গড়তে বিডা সহায়ক ভূমিকা পালন করবে মর্মে তিনি সভায় আশাবাদ ব্যক্ত করেন। বিনিয়োগ বিকাশে সহযোগিতা করার জন্য সভায় সকলের সহযোগিতা কামনা করা হয়।</p>	<p>১। মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের মধ্যে অন্যতম বিনিয়োগ বিকাশ- বিষয়ে জেলা মাসিক সমন্বয় কমিটির সভায় এজেন্ডাভুক্ত করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী</p>
৯	<p>সড়ক বিভাগ: অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:), সওজ, রাজশাহী জোন জানান যে, নওগাঁ সড়ক বিভাগের আওতায় একটি প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগসমূহ হতে বৈদ্যুতিক লাইন শিফটিং এর প্রাক্কলন পাওয়া গিয়েছে। যতদূর সম্ভব প্রাক্কলন অনুমোদনের ব্যবস্থা গ্রহণসহ পল্লী বিদ্যুতায়ন বোর্ডকে অনুমোদিত টাকা পরিশোধ করা হবে। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী জানান যে, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং রুয়েট এর সামনের রাস্তার বৈদ্যুতিক পোল স্থানান্তরের কাজ ইতোমধ্যে ৩৫% সম্পন্ন হয়েছে। সিটি কর্পোরেশনের সহিত আলোচনাপূর্বক উক্ত কাজ সম্পাদিত হচ্ছে। সড়ক বিভাগ জানান যে, রাস্তায় বৈদ্যুতিক পোল থাকায় রাস্তা সম্প্রসারণ কাজ ব্যাহত হচ্ছে। রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং রুয়েট এর সামনের রাস্তার মাঝখানে থাকা বৈদ্যুতিক পোলগুলোসহ অন্যান্য রাস্তা হতে বৈদ্যুতিক পোলগুলো দূত স্থানান্তর করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>১। রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং রুয়েট এর সামনের রাস্তার মাঝখানে থাকা বৈদ্যুতিক পোলগুলোসহ অন্যান্য রাস্তা সম্প্রসারণের কাজ ত্বরান্বিত করার জন্য রাস্তা হতে বৈদ্যুতিক পোলগুলো দূত স্থানান্তর করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন ৪। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন</p>
১০	<p>এলজিইডি অধিদপ্তর: অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, রাজশাহী বিভাগ (সিরাজগঞ্জ ব্যতীত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঘূর্ণিঝড় আক্ষান প্রকল্প, ভূমি অফিস নির্মাণ প্রকল্প, রুরাল ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-২, বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ চলছে এবং চাঁপাইনবাবগঞ্জ এর ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। তিনি আরো জানান যে, ২০২২-২৩ অর্থ বৎসরে রাজশাহী বিভাগে গ্রামীণ সড়ক মেরামত ও সংরক্ষণের (GOB) আওতায় অত্র বিভাগে ৮টি জেলায় ৫৮৭টি স্কীম অনুমোদিত হয়েছে। হালনাগাদ চুক্তি হয়েছে ৪০৮টি, গড় অগ্রগতি ২৫%। চলতি অর্থ বৎসরে উক্ত রক্ষণাবেক্ষণ কাজগুলি কাজ প্রদেয় সময় অনুযায়ী নির্ধারিত সময়ে সমাপ্ত করা হবে।</p>	<p>১। চলমান উন্নয়ন প্রকল্পগুলো নিয়মিত মনিটরিং করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ</p>
ক্র:নং	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

১১	<p>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল সভায় জানান যে, রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ৩য় পর্যায়ে রাজশাহী জেলায় ২১১টি, নওগাঁ জেলায় ৪৪টি, পাবনা জেলায় ১০০টি, জয়পুরহাট জেলায় ১৪০টি, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ৭১টি, সিরাজগঞ্জ জেলায় ৪৪ টি এবং নাটোর জেলায় ৩৫০টি পানির উৎসসহ মোট ১০৪৮ টি পানির উৎস স্থাপন কাজের বরাদ্দের বিপরীতে এ পর্যন্ত ৯৩৮টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বাকি পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে।</p>	<p>১। মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ের আশ্রয়ণ প্রকল্পে পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন কার্যক্রম ত্বরান্বিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ২। ভূমিহীন ও গৃহহীন পরিবারের সদস্যদের বেশি সুবিধা হয় এমন জায়গায় নলকূপ স্থাপন করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল</p>
১২	<p>পানি উন্নয়ন বোর্ড: প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগে ৯টি উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্প বাস্তবায়নে ব্যবহৃত উপাদানের দাম বেড়ে যাওয়ায় ঠিকাদার কাজে বিলম্ব করছে। কাজে বিলম্ব করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তাকে সতর্ক করা হয়েছে। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বাপাউবো, রাজশাহী জোনের আওতায় মাঠ পর্যায়ের দপ্তরসমূহকে নির্দেশ প্রদান করা হয়েছে। বাপাউবো'র বাস্তবায়িত/বাস্তবায়নাধীন কার্যক্রম নিয়মিত পরিদর্শন ও পর্যবেক্ষণ অব্যাহত আছে। বন্যায় ভাঙ্গন কবলিত স্থানসমূহে জরুরি প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা হয়েছে। বন্যা পরবর্তী স্থায়ী প্রতিরক্ষা ও মেরামত কাজ চলমান আছে।</p>	<p>১। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। সরেজমিন পরিদর্শনপূর্বক ক্ষতিগ্রস্ত বাঁধ, ব্রিজ ও কালভার্ট মেরামত করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী</p>
১৩	<p>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর: পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর জানান যে, রাজশাহী বিভাগের খামারীদের উৎসাহিতকরণে ২০২২-২০২৩ অর্থ বছরে ৪৫৭৯ জন খামারীকে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে আধুনিক প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঘাস চাষ সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে ৪৪৮.০০ একর জমিতে উন্নত ঘাস চাষ সম্প্রসারণ করা হয়েছে। ফলে গবাদিপশু পালন, স্বাস্থ্যবিধি, ও পুষ্টি বিষয়ে খামারীদের জ্ঞান ভান্ডার সমৃদ্ধ হয়েছে এবং প্রাণি উৎপাদনে আশাব্যঞ্জক অগ্রগতি সাধিত হয়েছে। রাজশাহী বিভাগের প্রাণিসম্পদ সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান এর অংশ হিসেবে গবাদিপশুর সুস্বাস্থ্য রক্ষা এবং রোগ বালাই প্রতিরোধের নিমিত্তে ২০২২-২০২৩ অর্থ বছরে গবাদিপশুকে ১৫,৯৩,০০০ মাত্রা টিকা এবং হাঁস-মুরগিকে ১,৫৬,১৮,০০০ মাত্রা রোগ প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে। রোগ নিরাময়ের জন্য ৬,৪৮,০০০ গবাদিপশু এবং ৫০,৪৯,০০০ হাঁস-মুরগিকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে। প্রাণিস্বাস্থ্য সেবা সহজীকরণের জন্য ২২৮টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে প্রায় ৪,৫৯৪টি গবাদিপশু এবং প্রায় ২৫,৫৬৫টি হাঁস-মুরগি চিকিৎসা ও স্বাস্থ্যগত পরামর্শ দেয়া হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত রয়েছে।</p>	<p>১। হাঁস-মুরগিসহ অন্যান্য গবাদিপশু পালনে খামারীদের উৎসাহিত করতে হবে। ২। হাঁস-মুরগিসহ অন্যান্য গবাদিপশুকে সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী</p>

<p>১৪</p>	<p>মৎস্য বিভাগ: উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বৎসরে নভেম্বর, ২০২২ মাস পর্যন্ত ক) মৎস্য সংরক্ষণ আইন : ২৯২১টি খ) মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন: ১২১টি গ) মৎস্য হ্যাচারি আইন: ৬০টি মোট ৩১০২টি আইন (২৬৯৪টি অভিযান এবং ৪০৮টি মোবাইল কোর্ট) বাস্তবায়িত হয়েছে। যার মধ্যে ৩৮৪টি মামলা দায়ের, ৩০২ জনের জেল এবং ৬.৯১ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদের উৎসাহিত করতে ৬৭৫৫ জনকে পরামর্শ, ১৮৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাষীদের উৎসাহিত করতে “উত্তম মাছচাষ অনুশীলন ও লাভজনক উপায়ে মাছচাষ” এবং “দেশীয় প্রজাতির ছোট মাছচাষ ব্যবস্থাপনা” বিষয়ক বই বিনামূল্যে বিতরণ চলমান রয়েছে। মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টিতে ১১০ জনকে বিভিন্ন উপকরণ বিতরণ করা হবে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে।</p>	<p>১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ</p>
<p>১৫</p>	<p>পরিসংখ্যান বিভাগ: যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর শুমারি পরবর্তী যাচাই (Post Enumeration Check বা PEC) কার্যক্রম BIDS কর্তৃক গত ১০-১৬ অক্টোবর ২০২২ সময়ে সফল ভাবে সম্পন্ন হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প এর আওতায় বার্ষিক শ্রমশক্তি জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী বিভাগের মোট ৩৫০ টি নমুনা এলাকা (Primary Sampling Unit বা PSU) হতে ২০ টি Household থেকে তথ্য সংগ্রহ করা হচ্ছে। রাজশাহী বিভাগের মোট ৯০ টি নমুনা এলাকা হতে হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) ২০২১-২২ প্রকল্পের তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। স্যাম্পল ভাইটেল রেজিস্ট্রেশন সিস্টেম “এসভিআরএস” কর্মসূচির (৩য় পর্যায়) আওতায় বিভাগের ২৮৩ টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার এর মাধ্যমে মাঠ পর্যায়ে নির্দিষ্ট নমুনা এলাকায় জন্ম-মৃত্যুসহ অন্যান্য ডেমোগ্রাফিক বৈশিষ্ট্যের তথ্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে চলছে। ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফিতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দরছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে চলছে। মাসিক কৃষি মজুরীসহ প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের নিয়মিত রিপোর্ট যথাসময়ে প্রেরণ করা হয়েছে।</p>	<p>১। স্বাস্থ্যবিধি মেনে জরিপের কাজসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী</p>

<p>১৬</p>	<p>ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর: উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, ০১ নভেম্বর থেকে থেকে ২৯ নভেম্বর-২০২২ তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত মোট ১৬১টি বাজার অভিযানের মাধ্যমে ৩৫৯টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে প্রশাসনিক ব্যবস্থায় ২৬,৩১,৫০০/- টাকা জরিমানা করা হয়েছে। আদায়কৃত জরিমানা কোষাগারে জমা প্রদান করা হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে নভেম্বর-২০২২ মাসে ভোক্তা-অধিকার সংরক্ষণ বিষয়ে ১০টি সচেতনতামূলক/অবহিতকরণ সভা আয়োজিত হয়েছে। রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক সিলিন্ডার গ্যাস সম্পর্কিত বিষয়ে নিয়মিত তদারকি করা হচ্ছে।</p>	<p>১। স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভোক্তা-অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। ২। জেলা ও উপজেলা পর্যায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী</p>
<p>১৭</p>	<p>বনবিভাগ: বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া জানান যে, সামাজিক বন বিভাগ, রাজশাহী, বগুড়া ও পাবনার নিয়ন্ত্রণাধীন লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিভাগ কর্তৃপক্ষকে অবৈধ করাত-কলের তালিকা প্রেরণ করা হয়েছে এবং অবৈধ করাত-কলের তালিকা অনুযায়ী বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক অবৈধ করাত-কলের তালিকা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা এবং অবৈধ দখলদারদের হাত হতে বন বিভাগের জমি উদ্ধারের প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। অবৈধ করাত-কল উচ্ছেদের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তাদেরকে প্রতি জেলায় কমিটি গঠন করে উচ্ছেদ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী জানান যে, নেসকো কর্তৃক গত মাসে অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারীর বিদ্যুৎ সংযোগ কর্তনের সংখ্যা-১৪৩টি। তবে নেসকো'র আওতাধীন এলাকায় অবৈধ করাত-কলের তথ্য পাওয়া না যাওয়ায় এ জাতীয় কোনো সংযোগ বিচ্ছিন্ন করা হয়নি। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন জানান যে, লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। এ বিষয়ে সভায় জেলা প্রশাসকদের সহযোগিতা কামনা করা হয়।</p>	<p>১। লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ দেওয়া বন্ধ করতে হবে। ২। অবৈধ করাত-কল উচ্ছেদ এবং অবৈধ দখলদারদের হাত হতে বনবিভাগের জমি উদ্ধারের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন ৫। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল বগুড়া</p>
<p>১৮</p>	<p>সমাজসেবা অফিস: পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ২০২২-২৩ অর্থ বছরে সকল ভাতা কার্যক্রম এর ১ম কিস্তির অর্থ প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, কোনো সমস্যা নেই।</p>	<p>১। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী</p>

<p>১৯</p>	<p>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ: তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে ২০২২-২৩ অর্থ বছরে রাজশাহী বিভাগে ২.৮২ লক্ষ হেক্টর জমিতে ৮৮২৫টি গভীর নলকূপ, ২৭৩টি এল এল পি এবং ৩৪৫টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে আউস ও আমন মৌসুমে জমিতে সেচ প্রদান করা হয়েছে। আসন্ন রবি ও বোরো মৌসুমে ৫.৩২ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। রবি/বোরো মৌসুমে জমিতে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের লক্ষ্যে সেচ যন্ত্রগুলি সার্বক্ষণিক সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল যথাযথ মজুদ রাখা হয়েছে। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ বরেন্দ্র অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানি দ্বারা সেচ সুবিধা চালু হওয়ায় এলাকার এক ফসলি জমি দুই/তিন ফসলি জমিতে রূপান্তরিত হয়েছে। ফলে এই এলাকার ফসল উৎপাদন বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এ কার্যক্রম অব্যাহত রয়েছে। জেলা প্রশাসক, রাজশাহী বলেন যে, রাজশাহী জেলার চারঘাট উপজেলায় বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক একটি খাল খননের ফলে এলজিইডি কর্তৃক তৈরিকৃত রাস্তা ভেঙে গেছে। রাস্তা ভেঙে যাওয়ার কারণে ঐ উপজেলায় জনদুর্ভোগ বেড়েছে। এ রকম সড়কের জায়গায় বিদ্যুৎ বিভাগের বৈদ্যুতিক পোল, ওয়াসার পানির লাইন, বিটিসিএল এর টেলিফোন লাইন স্থাপনের আগের সংশ্লিষ্ট দপ্তরের সাথে সমন্বয় থাকা প্রয়োজন। সমন্বয়ের মাধ্যমে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে প্রকল্পের কাজ স্থায়ী করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>১। সেচ যন্ত্রগুলি সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য মালামাল মজুদ রাখতে হবে। ২। সেচ সুবিধা চালুর মাধ্যমে এক ফসলি জমিকে দুই ও তিন ফসলি জমিতে রূপান্তরিত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী</p>
<p>২০</p>	<p>যুব উন্নয়ন অফিস: উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের নভেম্বর, ২০২২ পর্যন্ত অগ্রগতি ৪৬৫৪ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে। রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের নভেম্বর, ২০২২ পর্যন্ত ২১৯৭ জনকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হয়েছে।</p>	<p>১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। ২। আত্মকর্মসংস্থানে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী</p>
<p>২১</p>	<p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ): এ বিভাগের সকল দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।</p>	<p>১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।</p>	<p>বিভাগীয় দপ্তর প্রধানগণ</p>

অতঃপর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ এনডিসি

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০১.২১.৪৯১

তারিখ: ১১ পৌষ ১৪২৯

২৬ ডিসেম্বর ২০২২


বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৪) উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
- ৫) মহাপরিচালক, রেশন উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৬) পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৭) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
- ৮) প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী
- ৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
- ১০) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা
- ১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন
- ১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ১৩) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ১৪) প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী
- ১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ১৬) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
- ১৭) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া
- ১৮) পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী
- ১৯) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী
- ২০) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
- ২১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
- ২২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ২৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
- ২৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
- ২৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
- ২৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
- ২৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ২৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
- ২৯) অধিনায়ক, র্যাব-৫, রাজশাহী
- ৩০) উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ
- ৩১) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
- ৩২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
- ৩৩) পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
- ৩৪) মহাব্যবস্থাপক-১, টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী
- ৩৫) পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী

- ৩৬) পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী
- ৩৭) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
- ৩৮) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
- ৩৯) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন
- ৪০) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল
- ৪১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৪২) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী
- ৪৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর
- ৪৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ
- ৪৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ
- ৪৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
- ৪৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ
- ৪৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া
- ৪৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট
- ৫০) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৫১) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৫২) যুগ্মপরিচালক (সার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
- ৫৩) যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
- ৫৪) বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
- ৫৫) উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ
- ৫৬) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৫৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী
- ৫৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
- ৫৯) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী
- ৬০) অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী
- ৬১) অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া
- ৬২) অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা
- ৬৩) অধ্যক্ষ, শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ
- ৬৪) অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ
- ৬৫) উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী
- ৬৬) উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী
- ৬৭) যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী
- ৬৮) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
- ৬৯) উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী
- ৭০) উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী
- ৭১) উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী
- ৭২) উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী
- ৭৩) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী
- ৭৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
- ৭৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী
- ৭৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন

- ৭৭) উপপরিচালক , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
- ৭৮) আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী
- ৭৯) বিভাগীয় ব্যবস্থাপক , ব্র্যাক, রাজশাহী
- ৮০) আঞ্চলিক প্রকল্প পরিচালক , বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী
- ৮১) জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী
- ৮২) জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা
- ৮৩) জোনাল সেটেলমেন্ট অফিসার , বগুড়া
- ৮৪) সহকারী প্ল্যানার , নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
- ৮৫) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৮৬) উপ-প্রশাসনিক কর্মকর্তা, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৮৭) উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৮৮) উপ-প্রশাসনিক কর্মকর্তা, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৮৯) উপ-প্রশাসনিক কর্মকর্তা, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৯০) উপ-প্রশাসনিক কর্মকর্তা, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী



এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার